# AKASHVANI(AIR)

# RNU:KOLKATA

## BengaliText Bulletin

**Date 19-01-2026 Time: 1.30 PM**

বিশেষ বিশেষ খবর -

১/ বিকশিত ভারত জি রাম জি আইন নিয়ে কংগ্রেস, দেশের মানুষকে বিভ্রান্ত করছে বলে কৃষি ও কৃষক কল্যাণ মন্ত্রী শিবরাজ সিং চৌহান অভিযোগ করেছেন।

২/ জম্মু-কাশ্মীরে কিশতওয়ারে জঙ্গীদের সন্ধানে নিরাপত্তা বাহিনী আজ ফের তল্লাশি অভিযান শুরু করেছে।

৩/ বিজেপির সর্বভারতীয় সভাপতি নির্বাচনের জন্য মনোনয়ন পত্র জমা দেওয়ার প্রক্রিয়া আজ শুরু হচ্ছে।

৪/ সুইজারল্যান্ডের দাভোসে আজ থেকে World Economic Forum-এর ৫৬ তম বার্ষিক বৈঠক শুরু হচ্ছে।

কেন্দ্রীয় মন্ত্রী অশ্বিনী বৈষ্ণ, প্রহ্লাদ জোশী এবং কে রামমোহন নাইডুর সে-দেশে দ্বিপাক্ষিক বৈঠকে অংশ নেওয়ার কথা।

৫/ গাজায় শান্তি রক্ষার্থে তৈরি ‘বোর্ড অফ পিস’-এ অংশ নেওয়ার জন্য প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীকে আমন্ত্রণ জানিয়েছেন মার্কিন রাষ্ট্রপতি ডোনাল্ড ট্রাম্প।

ooooooooooooooooooooooooo

বিকশিত ভারত জি রাম জি আইন নিয়ে কংগ্রেস, দেশের মানুষকে বিভ্রান্ত করছে বলে কৃষি ও কৃষক কল্যাণ মন্ত্রী শিবরাজ সিং চৌহান অভিযোগ করেছেন। আজ নতুনদিল্লিতে এক সাংবাদিক সম্মেলনে শ্রী চৌহান বলেন, মনরেগা-র অধীনে কংগ্রেস যে অধিকার দিয়েছিল, তা কেবল কাগজেই সীমাবদ্ধ ছিল। কংগ্রেস তার ধারণা, আদর্শ

এবং নীতি পরিত্যাগ করেছে এবং দেশের উন্নয়ন বা দরিদ্রদের কল্যাণের সঙ্গে তাদের কোনো সম্পর্ক নেই বলেও মন্ত্রী অভিযোগ করেন। এই আইন সারা দেশে বাস্তবায়িত হবে এবং প্রতিটি গ্রাম পঞ্চায়েত এর আওতায় আসবে বলে শ্রী চৌহান মন্তব্য করেন।

শ্রী চৌহান বলেন, এই আইনটি প্রতিটি গ্রামীণ পরিবারকে আগের ১০০ দিনের পরিবর্তে কমপক্ষে ১২৫ দিনের মজুরিভিত্তিক কর্মসংস্থানের নিশ্চয়তা দেয়। মোদী সরকারের অধীনে ২৫ কোটি মানুষ দারিদ্র্য থেকে মুক্তি পেয়েছেন বলে মন্ত্রী জানান।

(বাইট - শিবরাজ সিং চৌহান)

মন্ত্রী বলেন, বিকশিত ভারত জি রাম জি আইনে তফসিলি জাতি, তফসিলি উপজাতি, মহিলা, প্রতিবন্ধী এবং দরিদ্রদের অগ্রাধিকার দেওয়া হয়েছে। নতুন আইনে নির্ধারিত সময়ের মধ্যে কাজ না পেলে বেকার ভাতা প্রদানেরও বিধান রয়েছে বলেও জানান তিনি।

ooooooooooooooooooooooooooo

জম্মু-কাশ্মীরে কিশতওয়ার জেলায় নিরাপত্তা বাহিনী আজ ভোরের আলো ফোটার সঙ্গে সঙ্গেই লুকিয়ে থাকা সন্ত্রাসবাদীদের সন্ধানে তল্লাশি অভিযান আবার শুরু করেছে। আকাশবাণী জম্মু সংবাদদাতা জানাচ্ছেন, গতকাল চাটরু এলাকার মান্দ্রাল-সিংহপুরার কাছে সোনার গ্রামে এই অভিযান শুরু হয়েছিল। বাহিনীর সঙ্গে গুলিযুদ্ধে আটজন সেনা আহত হন। সেনাবাহিনী, পুলিশ এবং আধা-সামরিক বাহিনীর একাধিক দল ড্রোন এবং স্নিফার ডগ নিয়ে এলাকাটি কঠোর নিরাপত্তায় ঘিরে রেখেছে। পাকিস্তান-ভিত্তিক জইশ-ই-মহম্মদ গোষ্ঠীর দু'থেকে তিনজন সন্ত্রাসবাদী ওই এলাকায় লুকিয়ে রয়েছে বলে মনে করা হচ্ছে।

oooooooooooooooooooooooooooo

বিজেপি-র জাতীয় সভাপতি নির্বাচনের জন্য মনোনয়নপত্র আজ দাখিল করা হবে। দলের জাতীয় রিটার্নিং অফিসার এবং সাংসদ কে লক্ষ্মণের প্রকাশিত নির্বাচনী বিধি অনুযায়ী, দুপুর ২টা থেকে বিকেল ৪টা পর্যন্ত মনোনয়নপত্র জমা দেওয়া যাবে। নির্বাচন প্রক্রিয়া নতুন দিল্লিতে দলের সদর দফতরে অনুষ্ঠিত হবে। বিকেল ৪টা থেকে ৫টার মধ্যে মনোনয়নপত্র পরীক্ষা করা হবে। মনোনয়ন প্রত্যাহার সন্ধ্যা ৬ টা পর্যন্ত করা যাবে। প্রয়োজন হলে আগামীকাল ভোটগ্রহণ করা হবে।

নতুন বিজেপি জাতীয় সভাপতির আনুষ্ঠানিক ঘোষণা একই দিনে করা হবে।

উল্লেখ্য, বিজেপির জাতীয় সভাপতি দলের জাতীয় পরিষদ এবং রাজ্য পরিষদগুলির প্রতিনিধিদের নিয়ে গঠিত একটি নির্বাচকমণ্ডলী দ্বারা নির্বাচিত হন। বর্তমানে এই পদে রয়েছেন কেন্দ্রীয় মন্ত্রী জগৎ প্রকাশ নাড্ডা। ২০১৯ সালের জুন মাসে শ্রী নাড্ডাকে বিজেপির জাতীয় কার্যকরী সভাপতি হিসেবে নিযুক্ত করা হয়েছিল এবং পরে ২০২০ সালের জানুয়ারিতে তিনি তৎকালীন সভাপতি অমিত শাহের স্থলাভিষিক্ত হয়ে বিনা প্রতিদ্বন্দ্বিতায় দলের সভাপতি নির্বাচিত হন।

oooooooooooooooooooooooooooooo

নির্বাচন কমিশন আগামী বুধবার থেকে নতুনদিল্লির ভারত মণ্ডপমে গণতন্ত্র ও নির্বাচন ব্যবস্থাপনা বিষয়ক আন্তর্জাতিক সম্মেলন – আই আই সি ডি ই এম ২০২৬-এর আয়োজন করবে। তিন দিনব্যাপী এই সম্মেলনটি গণতন্ত্র ও নির্বাচন ব্যবস্থাপনা ক্ষেত্রে ভারতে আয়োজিত এযাবৎকালের বৃহত্তম আন্তর্জাতিক সম্মেলন হতে চলেছে। বিশ্বের ৭০টিরও বেশি দেশ থেকে অন্তত একশ আন্তর্জাতিক প্রতিনিধি এতে অংশগ্রহণ করবেন বলে আশা করা হচ্ছে। আন্তর্জাতিক সংস্থা, ভারতে অবস্থিত বিদেশি মিশন এবং নির্বাচনী ক্ষেত্রের শিক্ষাবিদ ও বিশেষজ্ঞরাও এই সম্মেলনে অংশ নেবেন। কমিশন বিশ্বের বিভিন্ন দেশের নির্বাচন ব্যবস্থাপনা সংস্থাগুলোর সঙ্গে তাদের সম্মুখীন হওয়া

বিভিন্ন চ্যালেঞ্জ নিয়ে আলোচনা ও সহযোগিতা বাড়ানোর জন্য ৪০টিরও বেশি দ্বিপাক্ষিক বৈঠক করবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০

বিদেশমন্ত্রী ডঃ এস জয়শঙ্কর আজ নতুন দিল্লীতে ভারত সফররত পোল্যান্ডের উপ-প্রধানমন্ত্রী তথা বিদেশমন্ত্রী রাডোস্লাও সিকোরস্কির সঙ্গে বৈঠকে বসেছেন। ইউক্রেন পরিস্থিতি নিয়ে তাঁদের মধ্যে কথা হয়। আন্তর্জাতিক সন্ত্রাসবাদ মোকাবিলায় ভারতের কড়া অবস্থান নিয়েও বিদেশমন্ত্রী, সিকোরস্কিকে অবগত করেন।

বাইট – জয়শঙ্কর

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর আমন্ত্রণে সংযুক্ত আরব আমিরশাহীর রাষ্ট্রপতি শেখ মোহাম্মদ বিন জায়েদ আল নাহিয়ান আজ ভারত সফরে আসছেন। এই সফরের ফলে ভারত ও সংযুক্ত আরব আমিরশাহীর মধ্যে ব্যাপক কৌশলগত অংশীদারিত্বকে আরও এগিয়ে নিয়ে যাওয়ার এবং দুই নেতার মধ্যে পারস্পরিক স্বার্থসংশ্লিষ্ট আঞ্চলিক ও আন্তর্জাতিক বিষয়ে মতবিনিময়ের সুযোগ এনে দেবে।

আকাশবাণীর প্রতিনিধি জানিয়েছেন সংযুক্ত আরব আমিরশাহীর রাষ্ট্রপতি হওয়ার পর এটি তার তৃতীয় সরকারি সফর এবং গত এক দশকে পঞ্চমবার ভারত সফর।

এই সফর এমন এক সময়ে হচ্ছে যখন ভারত ও সংযুক্ত আরব আমিরশাহী বাণিজ্য, বিনিয়োগ, প্রতিরক্ষা এবং জ্বালানি খাতে সহযোগিতা সম্প্রসারণ করতে চাইছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ জাতীয় বিপর্যয় মোকাবিলা বাহিনীর প্রতিষ্ঠা দিবস উপলক্ষ্যে শুভেচ্ছা জানিয়েছেন। সমাজ মাধ্যমের একটি বার্তায় শ্রী মোদী বলেন,

প্রাকৃতিক দুর্যোগের সময় বিপর্যয় মোকাবিলা বাহিনীর কর্মীরা অক্লান্ত পরিশ্রম করে মানুষের জীবন রক্ষা করেন। প্রতিকূল পরিস্থিতিতে ত্রাণ সরবরাহ করে আশার আলো জাগিয়ে রাখেন তাঁরা। সমগ্র দেশ সেই সমস্ত কর্মীদের প্রতি কৃতজ্ঞ।

স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহও আজ জাতীয় বিপর্যয় মোকাবিলা বাহিনী তথা এনডিআরএফের প্রতিষ্ঠা দিবস উপলক্ষ্যে কর্মীদের শুভেচ্ছা জানিয়েছেন। সমাজ মাধ্যমের একটি বার্তায় শ্রী শাহ বলেন, প্রাকৃতিক দুর্যোগের সময় এনডিআরএফের উপর ভরসা করে সমগ্র দেশ। দুর্যোগ মোকাবিলায় সক্ষম দেশ গড়ে তুলতে সরকারের উদ্যোগে বিশেষ ভূমিকা রয়েছে এই বিপর্যয় মোকাবিলা বাহিনীর। অন্যদের সুরক্ষার জন্য যারা আত্মবলিদান দিয়েছেন সেই সব শহীদদের প্রতি শ্রদ্ধা জানান শ্রী শাহ।

oooooooooooooooooooooooo

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আজ ওড়িশার স্বাধীনতা সংগ্রামী পার্বতী গিরির জন্মশতবার্ষিকীতে তাঁকে শ্রদ্ধা নিবেদন করেছেন। একটি সোশ্যাল মিডিয়া পোস্টে শ্রী মোদি বলেন, ঔপনিবেশিক শাসনের অবসানের লক্ষ্যে সংঘটিত আন্দোলনে তাঁর ভূমিকা অনস্বীকার্য। তিনি বলেন, পার্বতী গিরির সমাজসেবা, স্বাস্থ্য পরিষেবা, নারী ক্ষমতায়ন সহ বিভিন্ন ক্ষেত্রে তাঁর কাজ বিশেষভাবে উল্লেখযোগ্য। গত মাসে আকাশবাণীতে তাঁর 'মন কি বাত' অনুষ্ঠানে প্রধানমন্ত্রী মোদি পার্বতী গিরির কথা তুলে ধরেছিলেন। তাঁর জীবনযাত্রা প্রতিটি প্রজন্মকে পথ দেখাবে বলে শ্রী মোদি আশা ব্যক্ত করেন।

oooooooooooooooooooooooo

ভারতীয় চলচ্চিত্রে অসামান্য অবদানের স্বীকৃতিস্বরূপ এই বছরের একাদশ অজন্তা-ইলোরা আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসবের মর্যাদাপূর্ণ 'পদ্মপাণি পুরস্কার'-এর জন্য প্রবীণ সঙ্গীত পরিচালক ইলাইয়ারাজার নাম ঘোষণা করা হয়েছে। একাদশ অজন্তা-ইলোরা আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসব ২৮শে জানুয়ারি থেকে ১লা ফেব্রুয়ারি পর্যন্ত ছত্রপতি সম্ভাজিনগরের মহাত্মা গান্ধী মিশনে চলবে। কেন্দ্রীয় সরকারের তথ্য ও সম্প্রচার মন্ত্রক

এবং মহারাষ্ট্র সরকারের সংস্কৃতি বিষয়ক বিভাগের সহায়তায় এবং ন্যাশনাল ফিল্ম ডেভেলপমেন্ট কর্পোরেশন (এনএফডিসি) ও মহারাষ্ট্র সরকারের ফিল্ম, স্টেজ অ্যান্ড কালচারাল ডেভেলপমেন্ট কর্পোরেশনের যৌথ উপস্থাপনায় অজন্তা-ইলোরা আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসব আয়োজিত হচ্ছে।

oooooooooooooooooooooo

মহারাষ্ট্রের নাসিক জেলার মালেগাঁও-মানমাড মহাসড়কে আজ এক দুর্ঘটনায় চারজনের মৃত্যু হয়েছে। দুজন গুরুতর আহত। ২০ জনেরও বেশি যাত্রী সামান্য আহত বলে খবর। আজ ভোর ৩ টে নাগাদ মালেগাঁও তালুকের বরহানে গ্রামের কাছে পুনে থেকে মালেগাঁওগামী একটি বেসরকারি যাত্রীবাহী বাসের সঙ্গে উল্টো দিক থেকে আসা একটি পিকআপ ভ্যানের মুখোমুখি সংঘর্ষ হয়। পুলিশ একটি মামলা দায়ের করেছে এবং দুর্ঘটনার সঠিক কারণ নির্ণয়ের জন্য তদন্ত শুরু করেছে।

oooooooooooooooooooooo

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি, রবিবার ২৫-শে জানুয়ারি আকাশবাণীতে "মন কি বাত" অনুষ্ঠানের মধ্যে দিয়ে দেশ বিদেশের মানুষের সঙ্গে তাঁর চিন্তা ভাবনা ভাগ করে নেবেন। এটি হবে মাসিক এই বেতার অনুষ্ঠানের ১৩০ তম পর্ব।

আকাশবাণী ও দূরদর্শনের সব কটি চ্যানেলে সকাল ১১ টা থেকে এই অনুষ্ঠান শোনা যাবে।

আকাশবাণীর সংবাদ ওয়েবসাইট newsonair মোবাইল app, আকাশবাণী ও দূরদর্শনের সংবাদ বিভাগ, প্রধান মন্ত্রীর e-দপ্তর ও তথ্য ও সম্প্রচার মন্ত্রকের youtube channel- এও অনুষ্ঠানটি শোনা যাবে। হিন্দিতে মূল অনুষ্ঠানটির পর সম্প্রচারিত হবে এর আঞ্চলিক ভাষার তর্জমা।

oooooooooooooooooooooooo

সুইজ্যারল্যান্ডের ডাভোসে আজ শুরু হচ্ছে WORLD ECONOMIC FORUM। সমগ্র বিশ্ব থেকে ৩০০০ প্রতিনিধি ফোরামের ৫৬ তম বার্ষিক বৈঠকে যোগ দেবেন। পাঁচ দিন ব্যাপী এই অনুষ্ঠানে যোগ দিতে বর্তমানে সুইস নগরীতে রয়েছেন ১০০ ভারতীয় সিইও ও প্রশাসনিক প্রতিনিধি দল। কেন্দ্রীয় মন্ত্রীদের মধ্যে অশ্বিনী বৈষ্ণ, প্রহ্লাদ জোশী ও কে রামমোহন নাইডুর সেদেশে দ্বিপাক্ষিক বৈঠকে অংশ নেওয়ার কথা রয়েছে। পাশাপাশি বিনিয়োগের সম্ভাবনা বাড়াতে মহারাষ্ট্র, অন্ধ্রপ্রদেশ, মধ্যপ্রদেশ, আসাম ও ঝাড়খন্ডের মুখ্যমন্ত্রীরা উক্ত অনুষ্ঠানে বিনিয়োগকারীদের কাছে তাঁদের নিজের নিজের রাজ্যের প্রতিনিধিত্ব করবেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীকে গাজায় শান্তি রক্ষার্থে তৈরি ‘বোর্ড অফ পিস’ এ অংশ নেওয়ার জন্য আমন্ত্রণ জানিয়েছেন মার্কিন রাষ্ট্রপতি ডোনাল্ড ট্রাম্প। ভারতে মার্কিন দূত সার্জিও গোর সমাজ মাধ্যমে মোদীর উদ্দেশ্যে লেখা ট্রাম্পের একটি চিঠি প্রকাশ করেছেন। ট্রাম্প সেই চিঠিতে বলেছেন, মধ্য প্রাচ্যে শান্তি ফেরাতে ও বিশ্বে সংঘাত নিরসনের চেষ্টায় তাঁর উদ্যোগে নরেন্দ্র মোদীকে আমন্ত্রণ জানাতে পেরে তিনি সম্মানিত। ট্রাম্প গাজা সংঘাত অবসানের লক্ষ্যে তাঁর ঘোষিত ২০ দফা শান্তি পরিকল্পনার দ্বিতীয় ধাপ বাস্তবায়নের জন্য এই ‘বোর্ড অব পিস’ গঠনের কথা ঘোষণা করেছেন। গত অক্টোবরে ইসরায়েল ও হামাস ট্রাম্পের শান্তি পকিল্পনায় সম্মতি দেয়। এই বোর্ড অফ পিস একটি নতুন আন্তর্জাতিক সংস্থা হিসেবে কাজ করবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

গ্রীনল্যান্ড অধিগ্রহণ করার বিষয়ে মার্কিন রাষ্ট্রপতি ডোনাল্ড ট্রাম্পের মন্তব্যের প্রেক্ষিতে, ইউরোপের বিভিন্ন দেশের রাষ্ট্রপ্রধানরা ইউরোপের কৌশলগত অর্থনৈতিক ও নিরাপত্তা স্বার্থের কথা উল্লেখ করে গ্রিনল্যান্ড ও ডেনমার্কের রাজতন্ত্রের সার্বভৌমত্বের প্রতি তাদের সমর্থনের কথা পুনর্ব্যক্ত করেছেন।

ইউরোপীয় কমিশনের প্রেসিডেন্ট উরসুলা ভন ডের লেয়েন ‘এক্স’ হ্যান্ডেলে বলেছেন, তিনি ন্যাটো মহাসচিব মার্ক রুটে এবং ফ্রান্স, ব্রিটেন, জার্মানি ও ইতালির নেতাদের সাথে ক্রমবর্ধমান উত্তেজনা পরিস্থিতি নিয়ে আলোচনা করেছেন এবং বলেছেন যে, সব দেশ কৌশলগত অর্থনৈতিক ও নিরাপত্তা স্বার্থ রক্ষায় দৃঢ়প্রতিজ্ঞ এবং ইউরোপ ঐক্য ও সংকল্পের সঙ্গে কাজ করবে। এদিকে, ন্যাটো মহাসচিব মার্ক রুটে গতকাল ট্রাম্পের সঙ্গে গ্রিনল্যান্ড এবং আর্কটিক অঞ্চলের নিরাপত্তা নিয়ে কথা বলেছেন বলে জানিয়েছেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

সিরিয়ার সরকার কুর্দি নেতৃত্বাধীন সিরিয়ান ডেমোক্রেটিক ফোর্সেস বা এসডিএফ-এর সঙ্গে দেশব্যাপী যুদ্ধবিরতির ঘোষণা করেছে। দুই সপ্তাহের লড়াইয়ের অবসান ঘটিয়ে ১৪ দফা চুক্তির অংশ হিসেবে এসডিএফ, সিরিয়ার সেনা ও সরকারি প্রতিষ্ঠানের অন্তর্ভুক্ত হবে। দামাশকাসে রাষ্ট্রপতি আহমেদ আল-শারা বলেছেন, এই চুক্তির মাধ্যমে পূর্ব ও উত্তরাঞ্চলের তিনটি প্রদেশে রাষ্ট্রীয় নিয়ন্ত্রণ পুনঃপ্রতিষ্ঠিত হবে। মার্কিন যুক্তরাষ্ট্রের বিশেষ দূত টম ব্যারাকের সঙ্গে বৈঠকের পর এই ঘোষণা করা হয়।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

ইরানে প্রশাসনের পক্ষ থেকে জানানো হয়েছে, দেশে চলতি মাসে প্রতিবাদ বিক্ষোভের জেরে অন্তত ৫০০০ জনের মৃত্যু হয়েছে। এর মধ্যে ৫০০ জন নিরাপত্তা কর্মী। সরকারি সূত্র অনুযায়ী প্রকাশিত এই মৃত্যু সংখ্যা দেশ ব্যাপী বিক্ষোভের ঘটনায় সর্বোচ্চ। ইরান সরকার এই মৃত্যুর জন্য ইজরায়েল ও সশস্ত্র বাহিনীকে দায়ী করেছে। ডিসেম্বরের ২৮ তারিখ ইরানের মুদ্রা রিয়ালের পতনের পর তেহরানে বিক্ষোভ শুরু হয়। সে দেশের সর্বোচ্চ নেতা আয়াতুল্লাহ আলী খামেনেইয়ের বিরুদ্ধে এই বিক্ষোভ বৃহত্তর সরকার বিরোধী আন্দোলনে পরিণত হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

চীনের ইনার মঙ্গোলিয়া স্বায়ত্তশাসিত অঞ্চলের একটি ইস্পাত কারখানায় বিস্ফোরণের ঘটনায় অন্তত দুজন প্রাণ হারিয়েছেন। পাঁচজন নিখোঁজ। স্থানীয় সূত্রে জানা গেছে, গত সন্ধ্যায় বাওতোউ শহরের একটি বিরল মৃত্তিকা ইস্পাত প্লেট কারখানার ভেতরে উচ্চ-তাপমাত্রায় জল ধারণের জন্য তৈরি একটি স্টোরেজ ট্যাঙ্ক-এ এই বিস্ফোরণ হয়। বিস্ফোরণের অভিঘাতে সংলগ্ন বাড়ির জানলা ভেঙে যায়।

চিকিৎসার জন্য ৬৬ জনকে হাসপাতালে ভর্তি করা হয়েছে। এদের মধ্যে তিনজনের অবস্থা আশঙ্কাজনক বলে জানা গেছে। নিখোঁজ শ্রমিকদের সন্ধানে তল্লাশি অভিযান দমকলকর্মী, পুলিশ এবং বিশেষ চিকিৎসা ইউনিট-সহ উদ্ধারকারী দলগুলো ঘটনাস্থলে রয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

পাকিস্তানে করাচির গুল প্লাজা শপিং মলে ভয়াবহ অগ্নিকান্ডে মৃতের সংখ্যা বেড়ে হয়েছে ১০। গত রাতে আরও চারটি মৃতদেহ উদ্ধার করা হয়। এখনও ৬০ জন নিখোঁজ বলে জানা গেছে। উদ্ধারকারী দলের কর্মকর্তারা জানিয়েছেন, একটি শিশুসহ তিনজনের দেহাংশও পাওয়া গেছে। দমকল ও উদ্ধারকারী দলগুলো এখন জীবিতদের সন্ধানে কাটার দিয়ে জানলা কেটে এবং হাতুড়ি দিয়ে দেওয়াল ভেঙে ভেতরে ঢোকার চেষ্টা চালাচ্ছে। আগুন পুরোপুরিভাবে এখনও নেভেনি। পুলিশ নিখোঁজ ব্যক্তিদের পরিবারের মোবাইল নম্বর সংগ্রহ করেছে। ২০ জনেরও বেশি ব্যক্তির অবস্থান মলের ভেতরেই মিলেছে বলে জানা গেছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

দক্ষিণ স্পেনে গত সন্ধ্যায় দুটি দ্রুত গতির ট্রেনের সংঘর্ষের জেরে কমপক্ষে ৩৯ জনের মৃত্যু হয়েছে। আহত ৭৩ জন। রেল সূত্রে খবর, অ্যাডামুজ শহরে একটি দ্রুত গতির
ট্রেন লাইনচ্যুত হলে পাশের একটি ট্র্যাকে ধাক্কা দেয়। দ্বিতীয় ট্রেনটি যেটি উল্টো দিক

থেকে আসছিল, সেটিও লাইন চ্যুত হয় ও দুর্ঘটনায় ঘটে। ট্রেনের বগিতে আটকে থাকা যাত্রীদের খোঁজে তল্লাশি চালাচ্ছেন উদ্ধারকর্মীরা।

oooooooooooooooooooooo

ooooooooooooooooooooo